# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## ৫. ইহূদী পন্ডিতদের মাধ্যমে সরাসরি নবীকে পরীক্ষা করা (اختبار النبى مباشرة بعلماء اليهود)

মদীনার কপট ইহূদী পন্ডিতরা মক্কায় এসে রাসূল (ছাঃ)-কে প্রশ্ন করল, বলুন তো শামে বসবাসকারী কোন নবীর ছেলেকে মিসরে বহিষ্কার করা হয় এবং তিনি সেই শোকে কেঁদে অন্ধ হয়ে যান? ইহূদীরা এঘটনা জানত তাওরাতের মাধ্যমে যা ছিল হিব্রু ভাষায়। মক্কার লোকেরা হিব্রু জানত না। এমনকি তারা আরবীতেও লেখাপড়া জানত না। তারা ইউসুফ নবী সম্পর্কে কিছুই জানত না। এ প্রশ্ন ছিল রাসূল (ছাঃ)-এর জন্য একটি কঠিন পরীক্ষা। ফলে ইউসুফের কাহিনী পুরাটাই একত্রে একটি সূরায় নাযিল হয়। যা অন্য নবীদের বেলায় হয়নি (তাফসীর ইবনু জারীর হা/১৮৭৮৬; কুরতুবী প্রভৃতি)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5226

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন